

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১২৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৯৬]

৫। মাসজিদ ও সালাতের স্থানসমূহ (كتاب المساجد ومواضع الصلاة)

পরিচ্ছেদঃ ২৬. সালাতের পর যিকর মুস্তাহাব এবং এর বিবরণ

باب اسْتِحْبَابِ الذِّكْرِ بَعْدَ الصَّلاَةِ وَيَيَان صِفَتِهِ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِي الْجَهْضَمِيُّ، حَدَّثَنَا أَبُو أَحْمَدَ، حَدَّثَنَا حَمْزَةُ الزَّيَّاتُ، عَنِ الْحَكَمِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنْ كَعْبِ بْنِ عُجْرَةَ، عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " مُعَقِّبَاتٌ لاَ يَخِيبُ قَائِلُهُنَّ _ أَوْ فَاعِلُهُنَّ _ ثَلاَثُ وَثَلاَثُونَ تَسْبِيحَةً وَثَلاَثُ وَثَلاَثُونَ تَحْمِيدَةً وَثَلاَثُ وَثَلاَثُونَ تَحْمِيدَةً وَثَلاَثُونَ تَحْمِيدَةً وَأَرْبَعُ وَثَلاَثُونَ تَكْبِيرَةً فِي دُبُرِ كُلِّ صَلاَةٍ ".

বাংলা

১২৩৭-(১৪৫/...) নাসর ইবনু আলী আল জাহ্যামী (রহঃ) ... কা'ব ইবনু উজরাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। রসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিছু দুআ আছে প্রত্যেক ফার্য (ফর্য) সালাতের পরে যে ব্যক্তি ঐগুলো পড়ে বা আমল করে সে কখনও নিরাশ বা ক্ষতিগ্রস্ত হয় না। দু'আগুলো হলোঃ তেত্রিশবার তাসবীহ (সুবহা-নাল্ল-হ, অর্থাৎ- আল্লাহর পবিত্রতা বর্ণনা করা) পড়া, তেত্রিশবার তাহমীদ (আল হামদুলিল্লা-হ, অর্থাৎ- আল্লাহর প্রশংসা করা) পড়া এবং চৌত্রিশবার তাকবীর (আল্ল-ভ্ আকবার, অর্থাৎ আল্লাহর মহত্ব বর্ণনা করা) পড়া। (ইসলামী ফাউন্ডেশন ১২২৬, ইসলামীক সেন্টার ১২৩৮)

English

Ka'b b. 'Ujra reported Allah's Messenger (ﷺ) as saying:

There are certain ejaculations, the repeaters of which or the performers of which at the end of every prayer will never be caused disappointment:" Glory be to Allah" thirty-three times," Praise be to Allah" thirty-three times, and "Allah is most Great" thirty-four times.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ কা'ব ইবনু 'উজরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন